51

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 DEC 1997 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫

# রাজশাহীতে মেয়েদের স্কুল ও কলেজ অপ্রতুল

রাজশাহী শহরে সরকারী ও বেসরকারী মিলাইয়া কয়েকটি গার্লস স্কুল রহিয়াছে যাহা প্রয়োজনের তুলনায় খুবই কম। স্কুলগুলিতে স্বাভাবিকের চাইতে ২/৩ গুণ অধিক ছাত্রী রহিয়াছে। ফলে স্থান সঙ্কুলান না হওয়ায় ছাত্রীদের দাঁড়াইয়া ক্লাস করিতে হয়। কোন কোন দিন ক্লাসে দাঁড়াইবার মত জায়গাও থাকে না। স্কুলের প্রধান শিক্ষিকাগণ ছাত্রী ভর্তির ক্ষেত্রে সবসময়ই চাপের মধ্যে থাকেন। মহিলা কলেজে ছাত্রী ভর্তির অবস্থা আরও ভয়ানক। রাজশাহী সরকারী মহিলা কলেজ ছাড়া রহিয়াছে একমাত্র বেসরকারী খাদেমুল ইসলাম মহিলা কলেজ। ছাত্রীদের আবাসিক সমস্যাও প্রকট। সরকারী কলেজে অল্প সংখ্যক সিট থাকিলেও বেসরকারী মহিলা কলেজে আবাসিক কোন সুবিধা নাই। রাজশাহী জেলা শহরে বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, বিআইটিসহ আরও শিক্ষা প্রতিষ্ঠান রহিয়াছে। তাই পার্শ্ববর্তী জেলাসমূহ হইতে অনেক শিক্ষার্থী স্কুল এবং কলেজ হইতেই এখানে পড়িতে আসে। তাই সরকারী ও বেসরকারী পর্যায়ে গার্লস স্কুল ও মহিলা কলেজ স্থাপন করা জরুরী হইয়া পড়িয়াছে এবং যে সমস্ত সরকারী ও বেসরকারী স্কুল-কলেজ আছে সেগুলিতে সরকারী সাহায্য-সহযোগিতা দরকার। পাশাপাশি এ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে যাহাতে অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি হইতে না পারে সেজন্য একটি আইন হওয়া প্রয়োজন। এ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—তানিয়া হক মৌ, রাজশাহী।